

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৫৫—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নিম্নরূপভাবে “সীমানা পুনর্নির্ধারণ, রাজনৈতিক দলের নিবন্ধন, জাতীয় এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচন প্রস্তুতি, ভোটকেন্দ্র স্থাপন, ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও তদারকি এবং উপকারভোগী পর্যায়ে আলোচনা বিষয়ক কমিটি” গঠন করা হলো:

- (১) জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সরকার, মাননীয় নির্বাচন কমিশনার -সভাপতি
- (২) যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয় - সদস্য
- (৩) যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয় - সদস্য
- (৪) যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয় - সদস্য
- (৫) উপসচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয় - সদস্য
- (৬) উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয় - সদস্য সচিব

কমিটি প্রয়োজনে কমিশনের যেকোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

( ২৮৭০৩ )

মূল্য : টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধি:**

- (ক) নির্বাচনি সীমানা নির্ধারণ কার্যক্রম পরিচালন এবং আপত্তি মীমাংসার উপর পরামর্শ প্রদান;
- (খ) রাজনৈতিক দলের নিবন্ধন সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা এবং করণীয় নির্ধারণে পরামর্শ/সুপারিশ প্রদান;
- (গ) জাতীয় সংসদ এবং গুরুত্বপূর্ণ নির্বাচনি তফসিল প্রণয়ন এবং যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রমের উপর পরামর্শমালা প্রস্তুতকরণ এবং কমিশনের সভা-সেমিনার ইত্যাদি আয়োজনে পরিকল্পনা প্রণয়ন;
- (ঘ) রাজনৈতিক দল এবং নির্বাচন সংশ্লিষ্ট সংগঠনের সাথে বৈঠক এবং বৈঠকপ্রসূত আলোচনার পরিপ্রেক্ষিতে করণীয় বিষয় নির্ধারণে পরামর্শ প্রদান;
- (ঙ) নির্বাচন পর্যবেক্ষণে দেশি ও বিদেশি পর্যবেক্ষকদের জন্য নীতিমালা প্রণয়ন এবং তাঁদেরকে সহযোগিতা বিষয়ক পরামর্শ প্রদান;
- (চ) নির্বাচন আচরণ বিধি পরিবীক্ষণ কর্মকাণ্ড কার্যকরের উপর সুপারিশ প্রণয়ন;
- (ছ) জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনের জন্য ভোটকেন্দ্র স্থাপন সংক্রান্ত সমষ্টি নীতিমালা প্রণয়ন, ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা সংক্রান্ত সামগ্রিক কার্যক্রম গ্রহণ, তদারকীকরণ ও সমন্বয়;
- (জ) জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনে নির্বাচনি কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত, প্রশিক্ষণ এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম তদারকীকরণ;
- (ঝ) কমিশন সচিবালয় এবং মাঠ পর্যায়ের দপ্তরগুলোর পরিদর্শনের কর্মসূচি প্রণয়ন, প্রতিবেদন মূল্যায়ন, নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ অনুসারে গবেষণা কার্যক্রম পরিচালন এবং তাঁর উপর ভিত্তি করে নথি ব্যবস্থাপনা, সার্বিক উন্নয়নে এবং বাস্তবসম্মত সংস্কারকরণের পরামর্শ প্রদান; এবং
- (ঝঃ) কমিশন কর্তৃক সময়ে সময়ে অর্পিত যেকোন দায়িত্ব বা কার্যক্রম সম্পাদন।

০২। নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০৩। উল্লেক্ষ্য, ১৯ এপ্রিল ২০২২খ্রি তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১২৬ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

**মোঃ শাহ আলম**

**উপসচিব (সংস্থাপন)।**

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd